



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
(Website: www.bteb.gov.bd)



স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৬.২২-৩০৯

তারিখ: ০১-০৬-২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন ফিশারিজ (ইন সার্ভিস) শিক্ষাক্রমের ২০২১-২০২২ সেশনে ভর্তিকৃত শিক্ষার্থীদের Online এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) Online এ ডাটা এন্ট্রির সময়সূচি: ০৬-০৬-২০২২ থেকে ১২-০৬-২০২২ খ্রি. পর্যন্ত।
- (২) হার্ড কপি প্রিন্ট করার তারিখ: ১৪-০৬-২০২২ থেকে ১৯-০৬-২০২২ খ্রি. পর্যন্ত।
- (৩) ফিসের বিবরণ: রেজিস্ট্রেশন ফি ২০০/- টাকা, রোভার স্কাউট/রেঞ্জার ফি ১৫/- রেড ক্রিসেন্ট ফি ২০/- সহ সর্বমোট ২৩৫.০০ টাকা প্রতি শিক্ষার্থী।
- (৪) শিক্ষার্থী সংখ্যা প্রতি ট্রেডে ০৫ (পাঁচ) জনের কম হলে উক্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- (৫) এন্ট্রিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুকূলে সোনালী সেবা/সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ১৫-০৬-২০২২ থেকে ২০-০৬-২০২২ খ্রি. এর মধ্যে পরিশোধ করতে হবে।
- (৬) রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার রশিদ অবশ্যই প্রদর্শন করতে হবে।
- (৭) ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্রের ফটোকপি জমা দিতে হবে।
- (৮) নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
- (৯) প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।
- (১০) রেজিস্ট্রেশন কার্ড উত্তোলনের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

[বিশেষ দ্রষ্টব্য: জরুরী প্রয়োজনে ০১৫৫০৬২০৬০৪, ০১৫৫২৪৮২৭৭৪ ও ০১৫৩৩৪৯২৮৪১ নম্বরে অফিস চলাকালিন সময়ে যোগাযোগ করা যাবে।]

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ০১-০৬-২০২২ খ্রি.

স্মারক: ৫৭.১৭.০০০০.১০৫.৩৯.০০৬.২২-৩০৯(০৯)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১-৪. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী মোঃ আব্দুল হামান)

উপ সচিব (রেজিস্ট্রেশন)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৫০০৬৫৩৬